দৈনিক বাংলা

তারিখ ... ২৫/২/৭৫ ...
পৃষ্ঠা ... ১১ কলাম ... ৩ ...

002

# আড়াই লাখ ছাত্র-ছাত্রী পাঠ্যবই সংকটে

(নিজস্ব সংবাদদাতা)

টাঙ্গাইল, ২২শে ফেব্রুয়ারী।—শিক্ষাবর্ষের দেড় মাস অতিক্রান্ত হলেও টাঙ্গাইল জেলার প্রাথমিক বিদ্যালয়গুলোর ছাত্রছাত্রীরা এখনও তাদের পাঠ্যপুস্তক পায়নি। এতে জেলার ৯১৩টি সরকারী ও ২৫১টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রায় আড়াই লাখ ছাত্রছাত্রীর পড়াশোনা ক্ষতিগ্রস্থ হচ্ছে।

জানা গেছে, বই না থাকায় শিক্ষকরা কোন ক্লাস নিচ্ছেন না। ছাত্রছাত্রীরা স্কুলে শুধু আসে আর যায়। শিক্ষকরা নাম ডেকে তাদের ছুটি দিয়ে দেন।

চলতি বছর প্রথম থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত সরকারীভাবে বিনামূল্যে পাঠবই ও ৫মশ্রেণীতে নির্ধারিত মূল্যের অর্ধেক দামে বই সরবরাহ করার কথা ১ম থেকে ৪র্থ শ্রেণী পর্যন্ত বই শিক্ষা বিভাগের মাধ্যমে এবং ৫ম শ্রেণীর বই বেসরকারী পুস্তক বিক্রেতাদের মাধ্যমে বিতরনের জন্যে সরকার সিদ্ধান্ত নেন।

এব্যাপারে টাঙ্গাইল জেলা প্রাথমিক শিক্ষা দফতরের সংগে যোগাযোগ করা হলে তারা জানান, প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কিছু সংখ্যক বই তাদের কাছে পৌচেছে। তবে বাকী বই কবে নাগাদ পৌছাবে তার ঠিক নেই।

এদিকে পাঠ্যবই আসার আগেই খোলা বাজারে নোটবই বিক্রি হচ্ছে।